46

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 FEB 1997
পৃষ্ঠা ৯ কলাম ৩

# ইউসিস লাইব্রেরী স্থানান্তরিত হইতেছে

যুক্তরাষ্ট্র তথ্য সার্ভিস (ইউসিস) লাইব্রেরীর বর্তমান ঠিকানা "জীবন বীমা ভবন", ৫ম তলা, ১০ দিলকুশা বাণিজ্যিক এলাকা হইতে বাসা ১১০, সড়ক ২৭, বনানী মডেল টাউনে স্থানান্তরিত করা হইবে।

এই স্থানান্তর সংক্রান্ত কাজের জন্যে 'ইউসিস' লাইব্রেরী আগামী রবিবার হইতে পরবর্তী বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত বন্ধ থাকিবে। লাইব্রেরীর পুস্তকাদির সামগ্রিক সংগ্রহের সুষ্ঠু 'ইনভেন্টির' সুবিধার্থে, যে সব সদস্য ইতিমধ্যে পুস্তক সংগ্রহ করিয়াছেন তাহাদেরকে আগামী ২রা মার্চের মধ্যে সে সব পুস্তক ফেরত দিতে অনুরোধজানানো হইয়াছে।

১৭ই ফেব্রুয়ারীর পর কোন বই সদস্যরা নিতে পারিবেন না। রবিবার (১৬ই ফেব্রুয়ারী) 'প্রেসিডেন্ট'স ডে' উপলক্ষে আমেরিকান দূতাবাস ও 'ইউসিস' বন্ধ থাকিবে। পুস্তক ফেরত দেওয়ার নিয়মিত সময়সূচী ১৭ই ফেব্রুয়ারী হইতে ২রা মার্চ, রবিবার হইতে বৃহস্পতিবার, সকাল ১১টা হইতে বিকাল সাড়ে চারটা। —ইউসিস।